

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে জামা'আতে এক রাকা'আত সালাত আদায় করতে চাইলে কিভাবে আদায় করবে, তার বিবরণ

ذِكْنُ وَصنْفِ صَلَاةِ الْمَرْءِ فِي الْخَوْفِ إِذَا أَرَادَ أَنْ يُصلِّيهَا جَمَاعَةً رَكْعَةً وَاحِدَةً

আরবী

2858 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّتَنَا غُنْدَرٌ عَنْ شُعْبَةَ عَنِ الْحَكَمِ عَنْ يَزِيدَ الْفَقِيرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ الله صلى غُنْدَرٌ عَنْ شُعْبَةَ عَنِ الْحَكَمِ عَنْ يَزِيدَ الْفَقِيرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم صلَلَى بهِمْ صلَلَى بهِمْ صلَلَةَ الْخَوْفِ فَقَامَ صلَفٌ بَيْنَ يَدَيْهِ وصلَف خَلْفَهُ فَصلَلَى بهِمْ رَسُولُ اللَّهِ صلَلَى اللَّهُ وَسَجْدَتَيْنِ وَجَاءَ أُولَئِكَ حَتَّى قَامُوا فَقَامَ هَوُلًا عِ فَصلَّى بهِمْ رَسُولُ اللَّهِ صلَلَى اللَّهُ عَلَيْهِ وسلم ركعتان ولهم ركعة عَلَيْهِ وسلم ركعتان ولهم ركعة واحدة.

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2858 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1133).

বাংলা

২৮৫৮. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে ভীতিকালীন সালাত আদায় করেন। এক কাতার তাঁর সামনে আরেক কাতার তাঁর পিছনে দাঁড়ান। তিনি তাদের নিয়ে এক রুকু' ও দুই সাজদা সম্পন্ন করেন।

তারপর ঐ কাতারের লোক আসেন (যারা তাঁর সামনে ছিলেন), তারা এসে (তাঁর পিছনে) দাঁড়ান। তিনি তাদের নিয়ে এক রুকু' ও দুই সাজদা সম্পাদন করেন। ফলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুই রাকা'আত আর সাহাবীদের এক রাকা'আত হয়।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৬২; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৩৪৭; মুসনাদ আহমাদ: ৩/২৯৮; নাসাঈ: ৩/১৭৩; আত তায়ালিসী: ১৭৮৯; তাহাবী: ১/৩১০; সুনান বাইহাকী: ৩/২৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন